

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে সি ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা সম্পন্ন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের জিএসটি গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির সি ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (১০ মে ২০২৪) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে বেলা ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ সি ইউনিটের ১,৪৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১,৩০৪ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৮৮.৪৭ শতাংশ।

পরীক্ষা চলাকালীন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম কেন্দ্রসমূহ ঘুরে দেখেন। এ সময় নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সভাপতি এবং পরীক্ষা পরিচালনা ও আসন বিন্যাস উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, রেজিস্ট্রার ও ভর্তি কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ জসীম উদ্দিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিয়া ইসলাম জুইনসহ নোবিপ্রবি বিভিন্ন অনুষদের ডিনবন্দ, দপ্তর প্রধানবন্দ, শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবন্দ, পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবন্দ উপস্থিত ছিলেন।

কেন্দ্র পরিদর্শন শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম সাংবাদিকদের বলেন, জিএসটি গুচ্ছের এবারের ভর্তি পরীক্ষার আজ শেষ দিন। আগের দুই ইউনিটের ধারাবাহিকতায় আজও নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত সুষ্ঠু ও সুন্দর পরিবেশে সি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সারাদেশের মতো নোয়াখালীতেও তীব্র তাপদাহ হ্রাস পাওয়ায় শিক্ষার্থীরা স্বাচ্ছন্দ্যে পরীক্ষায় অংশ নিতে পেরেছে। পরীক্ষা কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎসেবা নিশ্চিতের পাশাপাশি শিক্ষার্থী ও অভিভাবকদের যাতায়াত নির্বিঘ্ন করতে পর্যাপ্ত পরিবহন সেবা প্রদান করা হয়েছে।

এ সময় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম তথ্য সেবা ও মেডিকেল টিমের সদস্যবন্দসহ ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সদস্যবন্দ, নোবিপ্রবির শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সকলকে ধন্যবাদ জানান। পাশাপাশি নোয়াখালী জেলা প্রশাসন, নোয়াখালী পৌরসভা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যবন্দ, স্থানীয় পুলিশ ও গোয়েন্দা সংস্থা, সাংবাদিকবন্দসহ ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭৩৩৯৯৮৮৯৪